গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
পঞ্চগড়
www.panchagarh.gov.bd

জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মো. সাবেত আলী, জেলা প্রশাসক, পঞ্চগড়
সভার তারিখ : ২৭/১০/২০২৪ খ্রি.
সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, পঞ্চগড়

উপস্থিত সদস্যগণের হাজিরা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে পানি সম্পদ উন্নয়নের বিভিন্ন কর্মকাণ্ড সুচারুরূপে সম্পন্ন করাসহ নদী, খাল ও জলাশয় খনন কার্যক্রমকে সঠিকভাবে বাস্তবায়নের বিশেষ ভূমিকা রাখা হচ্ছে। তিনি সদস্য সচিব ও নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ, পঞ্চগড়কে পানি সম্পদের উন্নয়ন ও নদী/খাল খননের বিস্তারিত তথ্য তুলে ধরতে বলেন। পানি সম্পদের উন্নয়ন ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে কার্যসম্পাদনের নিমিত্ত ও নদী/খাল খননের ফলে উত্তোলিত বালি/মাটির বিষয় করণীয় নির্ধারণের লক্ষ্যে অদ্যকার এ সভা আয়োজন করা হয়েছে। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	**খননের ফলে উত্তোলিত বালি/মাটি নিলাম সংক্রান্ত:** নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ, পঞ্চগড় জানান, করতোয়া নদী খননের ফলে উত্তোলিত বালি/মাটি পঞ্চগড় সদর উপজেলার ৭টি প্যাকেজের মধ্যে ৩টি প্যাকেজ নিলামে বিক্রয় করা হয়েছে। গত ২৬-০৪-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় অবশিষ্ট ৩টি প্যাকেজ রামেরডাঙ্গা- ১, ২, ৩-এর বালি/মাটি শহররক্ষা বাঁধ হিসেবে ব্যবহারের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং ১টি প্যাকেজ স্কয়ার কোম্পানির ভিতরের অংশে পড়ার কারণে রাস্তা না থাকায় আগ্রহী দরদাতা পাওয়া যায়নি। এছাড়া, দেবীগঞ্জ উপজেলার ৮টি প্যাকেজের মধ্যে ৫টি বিক্রি করা হয়েছে। অবশিষ্ট ৩টি প্যাকেজ ৬ষ্ঠ বারের নিলাম ডাকেও বিক্রয় করা সম্ভব হয়নি। অন্যদিকে, বোদা উপজেলার ৮টি প্যাকেজের বালি ৩য় দফায় নিলাম ডাকা হয় এবং ২য় দফায় পুনঃস্পট নিলাম করা হয় কিন্তু কোন বালিই বিক্রয় করা সম্ভব হয়নি। অবশিষ্ট অবিক্রিত প্যাকেজের বালি/মাটি বিক্রির বিষয়ে সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন। সভাপতি জানান, বালি/মাটি নিলাম সংক্রান্ত কমিটির কার্যপরিধি অনুযায়ী অবশিষ্ট অবিক্রিত প্যাকেজের বালি/মাটি নিষ্পত্তির জন্য প্রস্তাব প্রেরণ করতে হবে।	বালি/মাটি নিলাম সংক্রান্ত কমিটির কার্যপরিধি অনুযায়ী অবশিষ্ট অবিক্রিত প্যাকেজের বালি/মাটি সরেজমিন পরিদর্শনপূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।	খননকৃত বালি/মাটি নিলাম সংক্রান্ত পঞ্চগড় সদর/বোদা/ দেবীগঞ্জ উপজেলা কমিটি
০২	**নদী ভাঙ্গন সংক্রান্ত:** নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ, পঞ্চগড় জানান যে, পঞ্চগড় জেলার মধ্য দিয়ে প্রবাহিত নদীসমূহের টেকসই ব্যবস্থাপনার নিমিত্ত "Feasibility Study of Sustainable River Management in Panchagarh and Thakurgaon District" শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা পরামর্শক প্রতিষ্ঠান Institute of Water Modeling (IWM) এবং CEGIS কর্তৃক সমাপ্ত হয়েছে। উক্ত সমীক্ষা প্রকল্পের আওতায় পঞ্চগড় জেলার নদীসমূহের নদী ভাঙ্গন, করতোয়া নদীর কালিয়াগঞ্জ ও লক্ষ্মিনারায়ণী নামক এলাকায় ২টি পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং ১৭টি নদী পুনঃখননসহ অন্যান্য পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ/পুনর্বাসনের মাধ্যমে সেচ এলাকা বৃদ্ধি ইত্যাদি বিষয়াদি অন্তর্ভূক্ত রয়েছে। সমীক্ষা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন পাওয়া গেলে দ্রুত ডিপিপি দাখিল করা হবে। সভাপতি জানান, সমীক্ষা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদনের আলোকে ডিপিপি দাখিলের সময় কমিটিকে অবহিত করতে হবে।	সমীক্ষা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদনের আলোকে ডিপিপি দাখিলের সময় কমিটিকে অবহিত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পঞ্চগড়

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৩	**নদ-নদী সংখ্যা সংক্রান্তঃ** বাংলাদেশের নদীসমূহের তথ্যাদি হালনাগাদকরণ ও তথ্য প্রযুক্তি ভিত্তিক ব্যবস্থাপনা সংক্রান্ত একটি সমীক্ষা পরামর্শক প্রতিষ্ঠান CEGIS কর্তৃক চলমান আছে। উক্ত সমীক্ষা প্রকল্পের অংশীজনের মতামত গ্রহণের জন্য গত ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখে বিভাগীয় কমিশনার, রংপুর মহোদয়ের সভাপতিত্বে তাঁর সভাকক্ষে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। চলমান সমীক্ষার প্রতিবেদনে পঞ্চগড় জেলার ৩৮টি নদী রয়েছে মর্মে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক উক্ত কর্মশালায় উপস্থাপন করা হয়। অধ্যাপক ড. তুহিন ওয়াদুদ, পরিচালক, রিভারাইন পিপল উক্ত কর্মশালায় জানান যে, পঞ্চগড় জেলায় ৪৬টি নদী রয়েছে যা সংশোধন করা প্রয়োজন। পরবর্তীতে পঞ্চগড় জেলায় নদ-নদীর নাম ও সংখ্যার বিষয়ে সংশ্লিষ্ট জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সম্মতি গ্রহণের জন্য পানি সম্পদ মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়। পঞ্চগড় জেলার সহকারী কমিশনার (ভূমি) (সকল) হতে প্রদত্ত নদীসমূহের তালিকায় পঞ্চগড় জেলার ৪২টি নদী এবং পানি উন্নয়ন বোর্ড, পঞ্চগড় হতে ৪৬টি নদীর তালিকা প্রস্তুত করা হয়। প্রাপ্ত তিনটি তালিকা থেকে যৌথ পরিদর্শনপূর্বক প্রাথমিকভাবে ৪৭টি নদীর ১টি তালিকা প্রস্তুত করা হয়। তালিকায় রিভারাইন পিপল কর্তৃক প্রেরিত তালিকার ৪৬টি নদীর মধ্যে ৩৯টি নদী পাওয়া যায় কিন্তু ৭টি নদী সরেজমিনে অনুসন্ধানপূর্বক পাওয়া যায়নি। পরবর্তীতে অধ্যাপক ড. তুহিন ওয়াদুদ, পরিচালক, রিভারাইন পিপল এর সহিত পুনরায় যোগাযোগ করা হলে একজন স্থানীয় প্রতিনিধি প্রদান করা হয়। স্থানীয় প্রতিনিধির প্রদত্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে যৌথভাবে মাঠপর্যায়ে সরেজমিনে পরিদর্শনপূর্বক ৫০টি নদীর তালিকা প্রস্তুত করা হয়। নদীগুলো হলো: ১. মহানন্দা (তেঁতুলিয়া), ২. তীরনই (তেঁতুলিয়া), ৩. বেরং (তেঁতুলিয়া), ৪. গোবরা (তেঁতুলিয়া), ৫. ভেরসা (তেঁতুলিয়া), ৬. রণচন্ডী (তেঁতুলিয়া), ৭. ডাহক (তেঁতুলিয়া), ৮. সাও (তেঁতুলিয়া), ৯. করতোয়া (তেঁতুলিয়া, সদর, বোদা, দেবীগঞ্জ), ১০. চাওয়াই (পঞ্চগড় সদর), ১১. বোরকা (পঞ্চগড় সদর), ১২. তালমা (পঞ্চগড় সদর), ১৩. কুরুম (সদর, দেবীগঞ্জ), ১৪. পাম (সদর, বোদা), ১৫. পাঙ্গা/পাঙ্খা (পঞ্চগড় সদর, বোদা), ১৬. সুই (পঞ্চগড় সদর), ১৭. যমুনা (পঞ্চগড় সদর), ১৮. ঘোড়ামারা (সদর, বোদা), ১৯. টাংগন (সদর, আটোয়ারী), ২০. পাইকানি (পঞ্চগড় সদর), ২১. তিস্তাভাঙ্গা (পঞ্চগড় সদর), ২২. শালমারা (পঞ্চগড় সদর), ২৩. মামা ভাগিনা (পঞ্চগড় সদর), ২৪. বীরবাঁধ/চিলকা (পঞ্চগড় সদর), ২৫. বিশমনি (পঞ্চগড় সদর), ২৬. হঠাৎ/কাশিমপুর/হয়ারী (পঞ্চগড় সদর), ২৭. মরা ছাতনাই (পঞ্চগড় সদর), ২৮. বহিতা (পঞ্চগড় সদর), ২৯. পাথরাজ (বোদা, দেবীগঞ্জ), ৩০. হাতুরী (বোদা), ৩১. হাইহরি (বোদা), ৩২. বড় সিঙ্গিয়া/আলোয়া/বহবান (আটোয়ারী), ৩৩. নাগর (আটোয়ারী), ৩৪. তিরনই (ঠাকুরগাঁও)(আটোয়ারী), ৩৫. রসেয়া (আটোয়ারী), ৩৬. পেটকি (আটোয়ারী), ৩৭. বাঘমাড়া (আটোয়ারী), ৩৮. কুরুণ (দেবীগঞ্জ), ৩৯. ভুল্লি (দেবীগঞ্জ, বোদা), ৪০. বুড়িতিস্তা/মরাতিস্তা (দেবীগঞ্জ, বোদা), ৪১. ছাতনাই (দেবীগঞ্জ, বোদা), ৪২. আলাইকুমারী (দেবীগঞ্জ), ৪৩. ডারা (দেবীগঞ্জ), ৪৪. কালিদহ (দেবীগঞ্জ), ৪৫. রাঙাপানি (দেবীগঞ্জ), ৪৬. কাঠগিরি (দেবীগঞ্জ), ৪৭. ভেরসি (দেবীগঞ্জ), ৪৮. জোড়াপানি (তেঁতুলিয়া), ৪৯. ঝিনাইকুরি/গিরিঞ্জি (বোদা), ৫০. পাইলাভাসা/গাউনী (দেবীগঞ্জ)। যা এই সভায় চূড়ান্ত করা প্রয়োজন। এই নদীর তালিকাটি ইতোমধ্যে জেলা প্রশাসন, পঞ্চগড় হতে গত ২৩/১০/২০২৪ তারিখে বিভাগীয় কমিশনার, রংপুর কার্যালয়ে প্রেরণ করা হয়।	পঞ্চগড় জেলায় সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রাপ্ত ৫০টি নদীর তালিকা চূড়ান্ত করা হলো।	নির্বাহী প্রকৌশলী পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পঞ্চগড়

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।

২৭/১০/২০২৪

মো. সাবেত আলী
জেলা প্রশাসক, পঞ্চগড়
ও
আহবায়ক
জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পঞ্চগড়

স্মারক নং: ৪২.০১.৭৭০০.১৯০.০৬.০০৩.২২.১২৫০ তারিখ: ২৭ অক্টোবর ২০২৪:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়/সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা
০৫। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ঢাকা
০৬। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর
০৭। প্রকল্প পরিচালক, "৬৪ জেলা অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুন খনন প্রকল্প (১ম পর্যায়)", বাপাউবো, ঢাকা
০৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঠাকুরগাঁও পওর সার্কেল, বাপাউবো, ঠাকুরগাঁও
০৯। প্রকল্প পরিচালক, "পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলার নদী সমূহের টেকসই উন্নয়ন শীর্ষক সমীক্ষা প্রকল্প", পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা
১০। পুলিশ সুপার, পঞ্চগড়
১১। অধিনায়ক, পঞ্চগড় ব্যাটালিয়ন (১৮ বিজিবি), পঞ্চগড়
১২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পঞ্চগড়
১৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড়
১৪। অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল), পঞ্চগড়
১৫। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, পঞ্চগড়
১৬। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড়
১৭। জেলা মৎস্য কর্মকর্তা, পঞ্চগড়
১৮। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড়
১৯। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড়
২০। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/আটোয়ারী/দেবীগঞ্জ/বোদা, পঞ্চগড়
২১। উপ-বিভাগীয় প্রকৌশলী, পঞ্চগড় পানি উন্নয়ন উপ-বিভাগ-১/২/বোদা, বাপাউবো, পঞ্চগড়
২২। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/আটোয়ারী/দেবীগঞ্জ/বোদা
২৩। সহকারী কমিশনার (ভূমি), পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/আটোয়ারী/দেবীগঞ্জ/বোদা, পঞ্চগড়
২৪। অফিসার ইনচার্জ, পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/আটোয়ারী/দেবীগঞ্জ/বোদা, পঞ্চগড়
২৫। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, পঞ্চগড়
২৬। সহকারী বন সংরক্ষক, পঞ্চগড়
২৭। উপ-পরিচালক, বিএডিসি, পঞ্চগড়
২৮। জনাব..

২৭/১০/২০২৪

আশুতোষ বর্মন
নির্বাহী প্রকৌশলী
পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পঞ্চগড়
ও
সদস্য সচিব
জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
(রাজস্ব শাখা)
www.panchagarh.gov.bd

স্মারক নম্বর: ৩১.৫৫.৭৭০০.০১৭.৪৮.০০৯.১৯.৮২৭

তারিখ: ০৭ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নম্বর-৮৫৩৯/২০২১ এর নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে নদ-নদীর প্রকৃত সীমানা নির্ধারণপূর্বক তথ্য প্রদান।

সূত্র: ১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর স্মারক নম্বর: ০৫.৪৭.০০০০.০০৮.১০.০০৯.২৩.৬৮৫; তারিখ: ১৫ অক্টোবর ২০২৪
২) নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পওর বিভাগ, পঞ্চগড় এর স্মারক নম্বর: আর-১২/১২২৫; তারিখ: ২২ অক্টোবর ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে সরেজমিন তদন্তপূর্বক এ জেলার নদ-নদীর তালিকা প্রস্তুত করা হয়েছে। প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, এ জেলায় মোট ৫০ (পঞ্চাশ) টি নদ-নদী রয়েছে।

এ প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৪ (চার) পাতা।

২৩/১০/২৪
মো: সাবেত আলী
জেলা প্রশাসক
পঞ্চগড়
ফোন: ০২৫৮৯৯৪২০০০
ই-মেইল: dcpanchagarh@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ
রংপুর

২৩/১০/২০২৪

স্মারক নম্বর: ৩১.৫৫.৭৭০০.০১৭.৪৮.০০৯.১৯.

তারিখ: কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি:
১) চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (লেভেল-১৬), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
২) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পঞ্চগড়।
৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল) পঞ্চগড়।
৪) অফিস কপি।

মো: সাবেত আলী
জেলা প্রশাসক
পঞ্চগড়

পঞ্চগড় জেলায় সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রাপ্ত নদীসমূহের তালিকা

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	নদ-নদীর নাম	উৎস মুখ	পতন মুখ	নদীর দৈর্ঘ্য (কি.মি.)	নদী সংক্রান্ত রেকর্ড (সিএস/আরএস/এসএ)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১	রংপুর	পঞ্চগড়	তেঁতুলিয়া	মহানন্দা	ভারত (বাংলাবান্ধা ইউনিয়ন, তেঁতুলিয়া দিয়ে প্রবেশ)	ভারত (তেতুলিয়া পুরাতন বাজার হয়ে)	১৯.৬৩	সি.এস	
২	রংপুর	পঞ্চগড়	তেঁতুলিয়া	তীরনই	বাংলাবান্ধা ইউনিয়নের নিম্নাঞ্চল	মহানন্দা নদীতে	৭.৬০	সি.এস	
৩	রংপুর	পঞ্চগড়	তেঁতুলিয়া	বেরং	শালবাহান ইউনিয়নের নিম্নাঞ্চল	ভারত (ডাহক নদীতে)	১২.০০	সি.এস	
৪	রংপুর	পঞ্চগড়	তেঁতুলিয়া	গোবরা	তেঁতুলিয়া ইউনিয়নের নিম্নাঞ্চল	বেরং নদীতে	৫.০০	সি.এস	
৫	রংপুর	পঞ্চগড়	তেঁতুলিয়া	ভেরসা	ভজনপুর ইউনিয়নের নিম্নাঞ্চল	ডাহক নদীতে	১২.৫০	সি.এস	
৬	রংপুর	পঞ্চগড়	তেঁতুলিয়া	রণচন্ডী	তিরনই হাট ইউনিয়নের নিম্নাঞ্চল	মহানন্দা নদীতে	৭.৩৫	সি.এস	
৭	রংপুর	পঞ্চগড়	তেঁতুলিয়া	ডাহক	তিরনই হাট ইউনিয়নের নিম্নাঞ্চল	ভারতে প্রবেশ করেছে।	১২.৭৫	সি.এস	
৮	রংপুর	পঞ্চগড়	তেঁতুলিয়া	সাও	ভারত (ভজনপুর ইউনিয়ন, তেঁতুলিয়া দিয়ে প্রবেশ)	করতোয়া নদীতে	১.৬৬	সি.এস	
৯	রংপুর	পঞ্চগড়	তেঁতুলিয়া, পঞ্চগড় সদর, বোদা, দেবীগঞ্জ	করতোয়া	ভারত (ভজনপুর ইউনিয়ন, তেঁতুলিয়া দিয়ে প্রবেশ)	আত্রাই নদীতে	১০৪.০০	সি.এস/এসএ/আরএস	পঞ্চগড় অংশ ১০৪.০০ কি.মি.
১০	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	চাওয়াই	ভারত (সাতমেরা ইউনিয়ন, পঞ্চগড় সদর দিয়ে প্রবেশ)	করতোয়া নদীতে	২৬.০০	আরএস	চাওয়াই ও চাউলি একই নদী।
১১	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	বোরকা	নিম্নাঞ্চল (দেবনগর ইউনিয়ন, তেঁতুলিয়া)	চাওয়াই নদীতে	৬.৫০	এসএ	
১২	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	তালমা	ভারত (অমরখানা ইউনিয়ন, পঞ্চগড় সদর দিয়ে প্রবেশ)	করতোয়া নদীতে	২৭.৫০	আরএস/এসএ	
১৩	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর, দেবীগঞ্জ	কুরুম	ভারত (হাড়িভাসা ইউনিয়ন, পঞ্চগড় সদর দিয়ে প্রবেশ)	ঘোড়ামাড়া নদীতে	১৯.০০	এসএ	
১৪	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর, বোদা	পাম	নিম্নাঞ্চল (ধাক্কামারা ইউনিয়ন, পঞ্চগড় সদর)	করতোয়া নদীতে	৪.৫০	আরএস/এসএ	

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	নদ-নদীর নাম	উৎস মুখ	পতন মুখ	নদীর দৈর্ঘ্য (কি.মি.)	নদী সংক্রান্ত রেকর্ড (সিএস/আরএস/এসএ)	মন্তব্য
১৫	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর, বোদা	পাঙা	ভারত (নিম্নাঞ্চল)	ঘোড়ামারা নদীতে	৩.৬৪	এসএ	পাঙ্খা ও পাঙ্গা একই নদী।
১৬	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	সুই	নিম্নাঞ্চল (কামাত কাজলদিঘী ইউনিয়ন, পঞ্চগড় সদর)	ঘোড়ামারা নদীতে	৭.৩৫	এসএ	
১৭	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	যমুনা	ভারত (নিম্নাঞ্চল)	কুরুম নদীতে	৩.১০	এসএ	
১৮	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর, বোদা	ঘোড়ামারা	ভারত (চাকলাহাট ইউনিয়ন, পঞ্চগড় সদর দিয়ে প্রবেশ)	করতোয়া নদীতে	১১.৭০	এসএ	
১৯	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর, আটোয়ারী	টাংগন	নিম্নাঞ্চল (মাগুরা ইউনিয়ন, পঞ্চগড় সদর)	নাগর নদীতে	২৫.৪০	এসএ	
২০	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	পাইকানি	নিম্নাঞ্চল (হাড়িভাসা ইউনিয়ন, পঞ্চগড় সদর)	কুরুম নদীতে	২.৯৭	এসএ	
২১	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	তিস্তাভাঙা	ভারত	কুরুম নদীতে	৩.৭৮	আরএস	
২২	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	শালমারা	তালমা নদী (অমরখানা ইউনিয়ন, পঞ্চগড় সদর)	তালমা নদীতে	৭.৬৬	আরএস/এসএ	
২৩	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	মামা ভাগিনা	মাঘই নিম্নাঞ্চল (হাফিজাবাদ ইউনিয়ন, পঞ্চগড় সদর)	করতোয়া নদীতে	৪.০৮	এসএ	বিশমনি নদী হাফিজাবাদ ইউনিয়ন এর ইসলামপুর মৌজা ও মাঘই মৌজা হয়ে টুনির হাট ইউনিয়নের বিষ্ণুনারায়নী মৌজায় গিয়ে মামা ভাগিনা নাম ধারন করে।
২৪	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	বীরবাঁধ	নিম্নাঞ্চল (সাতমেরা ইউনিয়ন, পঞ্চগড় সদর)	চাওয়াই নদীতে	৬.৩০	এসএ	বীরবাঁধ ও চিলকা একই নামে পরিচিত।
২৫	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	বিশমনি	মাঘই নিম্নাঞ্চল (হাফিজাবাদ ইউনিয়ন, পঞ্চগড় সদর)	করতোয়া নদীতে	১.৫০	এসএ	বিশমনি নদী হাফিজাবাদ ইউনিয়ন এর ইসলামপুর মৌজা ও মাঘই মৌজা হয়ে টুনির হাট ইউনিয়নের বিষ্ণুনারায়নী মৌজায় গিয়ে মামা ভাগিনা নাম ধারন করে।

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	নদ-নদীর নাম	উৎস মুখ	পতন মুখ	নদীর দৈর্ঘ্য (কি.মি.)	নদী সংক্রান্ত রেকর্ড (সিএস/আরএস/এসএ)	মন্তব্য
২৬	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	হঠাৎ	নিম্নাঞ্চল (গরিনাবাড়ি ইউনিয়ন, পঞ্চগড় সদর)	টাংগন নদীতে	১.৪৪	এসএ	হঠাৎ, কাশিমপুর ও হয়ারী একই নদী।
২৭	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	মরা ছাতনাই	ভারত (ধাক্কামারা ইউনিয়ন, পঞ্চগড় সদর)	করতোয়া নদীতে	২০.১২	আরএস	
২৮	রংপুর	পঞ্চগড়	পঞ্চগড় সদর	বহিতা	ভারত	টাংগন নদীতে	৩.৩৩	এসএ	
২৯	রংপুর	পঞ্চগড়	বোদা, দেবীগঞ্জ	পাথরাজ	ময়দানদিঘী বিল (বোদা, পঞ্চগড়)	করতোয়া নদীতে	৫৪.৫০	এসএ	
৩০	রংপুর	পঞ্চগড়	বোদা	হাতুরী	নিম্নাঞ্চল (বোদা, পঞ্চগড়)	পাথরাজ নদীতে	১৮.৭০	এসএ	
৩১	রংপুর	পঞ্চগড়	বোদা	হাইহরি	পাথরাজ নদীতে	পাথরাজ নদীতে	০.৪০	এসএ	
৩২	রংপুর	পঞ্চগড়	আটোয়ারী	বড় সিঙ্গিয়া	নিম্নাঞ্চল (তড়েয়া ইউনিয়ন, আটোয়ারী)	নাগর নদীতে	১০.৯০	এসএ	বড় সিঙ্গিয়া, আলোয়া ও বহবান একই নদী।
৩৩	রংপুর	পঞ্চগড়	আটোয়ারী	নাগর	ভারত (নিম্নাঞ্চল)	ভারতে প্রবেশ করেছে।	৩৯.৫০	এসএ	
৩৪	রংপুর	পঞ্চগড়	আটোয়ারী	তিরনই (ঠাকুরগাঁও)	নিম্নাঞ্চল (আলোয়াখোয়া ইউনিয়ন, আটোয়ারী)	নাগর নদীতে	২.৭৮	এসএ	
৩৫	রংপুর	পঞ্চগড়	আটোয়ারী	রসেয়া	নিম্নাঞ্চল (মির্জাপুর ইউনিয়ন, আটোয়ারী)	টাংগন নদীতে	১৩.৫০	এসএ	
৩৬	রংপুর	পঞ্চগড়	আটোয়ারী	পেটকি	নিম্নাঞ্চল (তড়েয়া ইউনিয়ন, আটোয়ারী)	নাগর নদীতে	৮.৭৮	এসএ	
৩৭	রংপুর	পঞ্চগড়	আটোয়ারী	বাঘমাড়া	নিম্নাঞ্চল (বলরামপুর ইউনিয়ন, আটোয়ারী)	টাংগন নদীতে	৩.৫০	এসএ	
৩৮	রংপুর	পঞ্চগড়	দেবীগঞ্জ	কুরুণ	নিম্নাঞ্চল (দেবীগঞ্জ, পঞ্চগড়)	করতোয়া নদীতে	২০.৩০		
৩৯	রংপুর	পঞ্চগড়	দেবীগঞ্জ, বোদা	ভুল্লি	নিম্নাঞ্চল (মাড়েয়া ইউনিয়ন, বোদা)	করতোয়া নদীতে	২৪.৭৫	এসএ	
৪০	রংপুর	পঞ্চগড়	দেবীগঞ্জ, বোদা	বুড়িতিস্তা	ভারত (সরদারপাড়া, দেবীগঞ্জ, পঞ্চগড়)	করতোয়া নদীতে	২৪.০০	এসএ	স্থানীয়ভাবে মরাতিস্তা নামে পরিচিত।
৪১	রংপুর	পঞ্চগড়	দেবীগঞ্জ, বোদা	ছাতনাই	নিম্নাঞ্চল (শালডাঙ্গা ইউনিয়ন দেবীগঞ্জ)	করতোয়া নদীতে	১২.৫০	এসএ	
৪২	রংপুর	পঞ্চগড়	দেবীগঞ্জ	আলাইকুমারী	ভারত (অমরখানা ইউনিয়ন দেবীগঞ্জ)	কুরুন নদীতে	৫.১২		
৪৩	রংপুর	পঞ্চগড়	দেবীগঞ্জ	ডারা	নিম্নাঞ্চল (দেবীগঞ্জ, পঞ্চগড়)	করতোয়া নদীতে	২.১৮		

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার নাম	উপজেলার নাম	নদ-নদীর নাম	উৎস মুখ	পতন মুখ	নদীর দৈর্ঘ্য (কি.মি.)	নদী সংক্রান্ত রেকর্ড (সিএস/আরএস/এসএ)	মন্তব্য
৪৪	রংপুর	পঞ্চগড়	দেবীগঞ্জ	কালিদহ	নিম্নাঞ্চল (দইখাতা ইউনিয়ন দেবীগঞ্জ)	করতোয়া নদীতে	৬.৫০	এসএ	
৪৫	রংপুর	পঞ্চগড়	দেবীগঞ্জ	রাঙাপানি	নিম্নাঞ্চল (দেবীগঞ্জ, পঞ্চগড়)	করতোয়া নদীতে	৭.০০	এসএ	
৪৬	রংপুর	পঞ্চগড়	দেবীগঞ্জ	কাঠগিরি	নিম্নাঞ্চল (সাকোয়া ইউনিয়ন দেবীগঞ্জ)	পাথরাজ নদীতে	৬.১১	এসএ	
৪৭	রংপুর	পঞ্চগড়	দেবীগঞ্জ	ভেরসি	করতোয়া নদী (সোনাহার ইউনিয়ন)	করতোয়া নদীতে	৫.৬০	এসএ	পঞ্চগড় অংশ ৫.৬০ কি.মি.
৪৮	রংপুর	পঞ্চগড়	তেঁতুলিয়া	জোড়াপানি	চিমনজোত, তেঁতুলিয়া	গোবরা নদীতে	২.৬০		
৪৯	রংপুর	পঞ্চগড়	বোদা	ঝিনাইকুরি	ভেল্লাই কান্দর, পাথরাজ ফিড মিলের পাশে	পাথরাজ নদীতে	২.৭০		নতুন করে পাওয়া গেছে। স্থানীয়ভাবে গিরিজি নামে পরিচিত।
৫০	রংপুর	পঞ্চগড়	দেবীগঞ্জ	পাইলাভাসা	মজিদপাড়া, টেপ্রিগঞ্জ ইউনিয়ন	কালিদহপাড়া, টেপ্রিগঞ্জ ইউনিয়ন (কালিদহ নদীতে)	২.৩৫		নতুন করে পাওয়া গেছে। স্থানীয়ভাবে গাউনী নামে পরিচিত।

২২/১০/২০২৪

২২/১০/২০২৪
(আশুতোষ বর্মন)
নির্বাহী প্রকৌশলী
পঞ্চগড় পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, পঞ্চগড়।